

৪। করহার প্রয়োগ।— (১) করযোগ্য পণ্যের সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন করের হার হইবে, উক্ত পণ্য বা সেবার উপর ধারা ৬ এর উপ-ধারা (২) বা ক্ষেত্রমত, উপ-ধারা (৩) এ উল্লিখিত সময়ে যে হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হয় সেই হার।

^১[(২) করযোগ্য পণ্য আমদানির ক্ষেত্রে, মূল্য সংযোজন করের হার হইবে Customs Act, 1969 (IV of 1969) এর section 30 এর অধীন নির্ধারিত তারিখে যেই হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হয় সেই হার।]

^২[(৩) করযোগ্য সেবা আমদানির ক্ষেত্রে, মূল্য সংযোজন করের হার হইবে, উক্ত সেবার মূল্য পরিশোধের সময়ে প্রযোজ্য মূল্য সংযোজন করের হার।]

^১। অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩২ বলে উপ-ধারা (২) এর পর পরিবর্তে নতুন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৩ বলে উপ-ধারা (২) এর পর নতুন উপ-ধারা (৩) সংযোজিত।